

হাসপাতালে শামসুর রাহমান  
বেলাল বেগ

কবি ! তোমার ছবি দেখলাম পত্রিকাতে  
আগের মতই বর্নালী শার্ট গায়ে,  
তোমার এমন শোয়ানো ছবি আগে দেখিনি ।  
কখনো ভাবিনি, তোমাকে এমন দেখা যাবে  
অক্সিজেন সেলাইন নলিতে নাকমুখ বাঁধা,  
মৃত্যু-প্রস্তুত একাত্তরের শহীদ যেন  
প্রশান্ত, নির্ভয় ।  
তাহলে তুমি যাচ্ছে! সত্যিই যাচ্ছে?  
আচ্ছা । যাও তাহলে । এই নাও তোমার  
'আসাদের শার্ট' 'স্বাধীনতা তুমি'  
ওসব সঙ্গে থাকলে রায়েরবাজারে  
ক্রসফায়ারে নির্ঘাৎ মৃত্যু । খামাকা ।